



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়ঃ ২২৯/১, জেল রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ
ফোন : ০২-৯৯৭৭-১০৪৪০, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

স্মারকনং-ময়শিবো/প্রশা/০২/০৩/১৮/১২০

তারিখঃ ০৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ কর্তৃক আয়োজিত “বিতর্ক প্রতিযোগিতা-২০২৩” শুরু সংক্রান্ত বিজ্ঞপ্তি।

অত্র বোর্ডের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ বোর্ডের ৬ষ্ঠ প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের অংশগ্রহণে “যুক্তির শক্তিতে আলোকিত হউক ভবিষ্যৎ” স্লোগান কে ধারণ করে একটি বিতর্ক প্রতিযোগিতা আগামী ১৯ আগস্ট, ২০২৩খ্রি. তারিখ হতে শুরু করতে যাচ্ছে।

বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলীঃ

- ১) বিতর্ক প্রতিযোগিতা ০২ (দুই) টি গ্রুপে অনুষ্ঠিত হবে। ক- গ্রুপ (৯ম ও ১০ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য) এবং খ-গ্রুপ (একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জন্য)। তবে ২০২৩ সালে যে সকল শিক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে তারা খ-গ্রুপে অংশগ্রহণ করতে পারবেনা।
- ২) বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণকারি সকল শিক্ষার্থী তাদের নিজ নিজ প্রতিষ্ঠানের পরিচয় বহন করবে অর্থাৎ দল গঠনে দলের সকলকে একই প্রতিষ্ঠানের হতে হবে।
- ৩) বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণকারি সকল শিক্ষার্থী তাদের নিজ নিজ প্রতিষ্ঠানের নির্দিষ্ট পোশাক পরিধান বাধ্যতামূলক।
- ৪) বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণকারি দলের সদস্যের নাম সম্বলিত তালিকা (১ম বক্তা, ২য় বক্তা, দলনেতা, অতিরিক্ত ০২ জন বক্তা এবং ০১ জন মেন্টরসহ মোট ০৬ জন) নিজ নিজ প্রতিষ্ঠান প্রধান কর্তৃক বিদ্যালয়ের প্যাডে সত্যায়ন করে বিতর্ক প্রতিযোগিতা-২০২৩ এর আহবায়ক জনাব মহাঃ মশিউল আলম এর ইমেইল নং- moshiul1974@yahoo.com অথবা হোয়াটসঅ্যাপ নং-০১৭১৬০১০০৫০ অথবা নিজ নিজ জেলার শিক্ষা অফিসারের নিকট আগামী ৩১/০৭/২০২৩খ্রি. তারিখের মধ্যে পাঠাতে হবে।
- ৫) সকল প্রতিযোগিতা সনাতনী ধারা এবং নকআউট পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।
- ৬) বোর্ড/কর্তৃপক্ষের দেয়া সূচি অনুযায়ী বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে এবং বিতর্কের বিষয় ও পক্ষ/বিপক্ষ দল নির্বাচন করা হবে। বিতর্কের বিষয়, সময় এবং পক্ষ/বিপক্ষ দল প্রতিযোগিতার পূর্বে সকলকে অবহিত করা হবে।
- ৭) জেলা পর্যায়ের বিতর্ক প্রতিযোগিতা তার নিজ নিজ জেলায় অনুষ্ঠিত হবে। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ভেন্যুতে সকল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। জেলা পর্যায়ের প্রতিযোগিতায় উভয় গ্রুপের চ্যাম্পিয়ান ও রানার্সআপ দল (০৪ জেলায় ক-গ্রুপে ০৮ টি এবং খ-গ্রুপে ০৮ টি দল) বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণ করবে।
- ৮) বিভাগীয় পর্যায়ের অংশগ্রহণকারি ০৮ টি দল বোর্ড কর্তৃক প্রদত্ত টি শার্ট পরিধান করে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
- ৯) বিভাগীয় পর্যায়ের সকল প্রতিযোগিতা ময়মনসিংহ এ অনুষ্ঠিত হবে।
- ১০) প্রতিটি জেলায় বোর্ড কর্তৃক গঠিত একটি কমিটি থাকবে। কমিটির আহবায়ক থাকবেন বোর্ডের একজন কর্মকর্তা ও সদস্য সচিব হবেন ভেন্যু প্রধান এবং জেলা শিক্ষা অফিসার মনোনীত একজন সদস্য কমিটিতে অন্তর্ভুক্ত হবেন।

বিতর্ক প্রতিযোগিতার ভেনু ও তারিখঃ

জেলা পর্যায়ের বিতর্ক প্রতিযোগিতা তার নিজ নিজ জেলায় এবং বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা ময়মনসিংহ এ অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার ভেনু ও অনুষ্ঠিত হওয়ার তারিখ নিম্নরূপঃ

ক্রমিক নং	জেলা/বিভাগের নাম	ভেনু কেন্দ্রের নাম ও ঠিকানা	তারিখ ও সময়	মন্তব্য
০১	জামালপুর	বঙ্গবন্ধু আইডিয়াল স্কুল এন্ড কলেজ দেওয়ানপাড়া, সদর, জামালপুর অধ্যক্ষ-০১৭১৩৩৭৫৩৪৪	১৯/০৮/২০২৩ শনিবার সকাল ১০.০০টা	
০২	নেত্রকোনা	দত্ত উচ্চ বিদ্যালয় সদর, নেত্রকোনা প্রধান শিক্ষক-০১৭১৮৬৪৯৩১১	২২/০৮/২০২৩ মঙ্গলবার সকাল ১০.০০টা	
০৩	শেরপুর	নবারণ পাবলিক স্কুল সদর, শেরপুর অধ্যক্ষ-০১৭১৬৪৬১৫৬২	২৪/০৮/২০২৩ বৃহস্পতিবার সকাল ১০.০০টা	
০৪	ময়মনসিংহ	মুকুল নিকেতন উচ্চ বিদ্যালয় সদর, ময়মনসিংহ মোবাইল-০১৭১৮০৮৪৮০৮	২৬/০৮/২০২৩ শনিবার সকাল ১০.০০টা	


কর্তৃপক্ষ যে কান সময় উল্লিখিত ভেনু, তারিখ ও সময় পরিবর্তন করতে পারবে। যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

বিতর্ক প্রতিযোগিতা-২০২৩ এর পুরস্কার/সনদপত্রঃ

- ১) বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণকারি সকল শিক্ষার্থীকে বোর্ডের পক্ষ হতে অংশগ্রহণমূলক সনদপত্র দেওয়া হবে।
- ২) জেলা পর্যায়ের প্রতিযোগিতায় চ্যাম্পিয়ান ও রানার্সআপ দলের জন্য সনদপত্র ও ফ্রেস্ট প্রদান করা হবে।
- ৩) বিভাগীয় পর্যায়ের অংশগ্রহণকারি ০৮ টি দল কে ন্যূনতম ভ্রমণভাতা বিল প্রদান করা হবে এবং দলের প্রত্যেক সদস্য কে টি-শার্ট প্রদান করা হবে।
- ৪) চ্যাম্পিয়ান ও রানার্সআপ দলের জন্য সনদপত্র, ফ্রেস্ট ও আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হবে।

এ বিষয়ে সহযোগিতা করার জন্য বোর্ডের আওতাধীন সকল প্রতিষ্ঠান প্রধান, পরিচালক, মাউশি, ময়মনসিংহ অঞ্চল, উপপরিচালক (মাধ্যমিক), ময়মনসিংহ অঞ্চল ও জেলা শিক্ষা অফিসার ময়মনসিংহ/জামালপুর/নেত্রকোনা/শেরপুরকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রতিস্বাক্ষর



২৩-০৭-২০২৩

(প্রফেসর কিরীট কুমার দত্ত)

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে-



২৩-০৭-২০২৩

(মহাঃ মশিউল আলম)

উপসচিব (আইন)

ও

আহবায়ক

বিতর্ক প্রতিযোগিতা-২০২৩

মোবাইল-০১৭১৬০১০০৫০

ইমেইল-moshiul1974@yahoo.com